

১০

জাতীয় ও উন্মুক্ত ভার্শিটিতে দুর্নীতি নিয়ে তদন্ত হবে

স্টাফ রিপোর্টার ॥ জাতীয় বিশ্ববিদ্যালয় ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের চলমান অনিয়ম ও দুর্নীতি নিয়ে সরকারী নির্দেশে তদন্ত হচ্ছে। এ দু'টি প্রতিষ্ঠানের অনিয়ম-দুর্নীতি নিয়ে পত্রপত্রিকায় খবর প্রকাশের পর শিক্ষা মন্ত্রণালয় আগামী ১৫ ফেব্রুয়ারির মধ্যে বিস্তারিত তদন্ত করে রিপোর্ট জমা দিতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে নির্দেশ দিয়েছে। বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের এই নির্দেশ পত্র পাওয়ার পর, কমিশনের সদস্য অধ্যাপক তারেক শামসুর রেহমানকে আহ্বায়ক করে তদন্ত কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন। (১১- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

জাতীয় ও উন্মুক্ত (প্রথম পাতার পর)

জানা গেছে, শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্মসচিব (বিশ্ববিদ্যালয়) এজেডএম শফিকুল আলম স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে অতি গুরুত্বের সঙ্গে এ বিষয়ে তদন্ত করার জন্য মঞ্জুরি কমিশনকে নির্দেশ দেয়া হয়েছে। প্রজ্ঞাপনে সম্প্রতি দৈনিক জনকণ্ঠে প্রকাশিত "জরুরী অবস্থার সুযোগে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিয়োগ কেলেঙ্কারি" সংবাদে কথ্য ও উল্লেখ করা হয়েছে। পত্রপত্রিকায় প্রকাশিত খবরের পরিপ্রেক্ষিতে এই তদন্ত হচ্ছে বলেও প্রজ্ঞাপনে বলা হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি উন্মুক্ত বিশ্ববিদ্যালয়েও অনুরূপভাবে তদন্ত করার নির্দেশ দেয়া হয়েছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান সাংবাদিকদের জানিয়েছেন কমিশনের সদস্য অধ্যাপক তারেক শামসুর রেহমানকে আহ্বায়ক করে তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। তারেক শামসুর রেহমান বৃহস্পতিবার রাতে জনকণ্ঠকে জানান, কাকে দিয়ে কমিটি হয়েছে তা এখনও জানতে পারেনি। তবে দায়িত্ব পেলে সূচারুভাবে তদন্ত করব।